(একই স্মারক ও তারিখের স্থলে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

নম্বর: ০৪.৫১৩.০৫৪.০০.০০.০০১.২০১০-৪৬৯

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩ / ১২ মে ২০১৬

বিষয়: মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের পরিদর্শন, দর্শন এবং রাত্রিযাপন সংক্রান্ত প্রমাপ।

পরিদর্শন/দর্শনের মাধ্যমে সাধারণভাবে সংশ্লিষ্ট দপ্তরের কাজে গতিশীলতা আসে, দাপ্তরিক কাজের মানোন্নয়ন হয়, কর্মদক্ষতা বৃদ্ধি পায়, ত্রুটি-বিচ্যূতি দূরীকরণের সুযোগ হয়, সেবাপ্রদান-পদ্ধতি সহজীকরণ হয় এবং সংশ্লিষ্ট অধিনস্ত কর্মকর্তা-কর্মচারীগণ সর্বশেষ আইন-কানুন, বিধি-বিধান ও সরকারি নির্দেশনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারেন। সর্বোপরি পরিদর্শনের ফলে সহজে, স্বল্প সময়ে এবং দ্রুতগতিতে নাগরিক সেবা পাওয়ার সুযোগ ঘটে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে নির্ধারিত বিভাগ ও জেলা-পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন/দর্শন-প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে কোন কোন প্রতিবেদন অগভীর, বস্তুনিষ্ঠবিহীন, নিয়মবাঁধা আনুষ্ঠানিকতা তথা কেবল প্রমাপ-নির্ভর এবং ত্রুটি-বিচ্যূতি পরিহার ও উন্নতি সাধনের জন্য গঠনমূলক দিক্-নির্দেশনাবিহীন। অথচ পরিদর্শন/দর্শনের ফলে পরিদর্শনকারী কর্মকর্তাগণের সংশ্লিষ্ট এলাকার মানুষর জীবন-যাত্রা, ভৌগোলিক বৈশিষ্ট্য/বৈচিত্র্য সম্পর্কে সম্যক ধারণা পাওয়ার সুযোগ রয়েছে। আরও লক্ষ্য করার বিষয় হল পরিদর্শন/দর্শনের সময়ে সাধারণভাবে সেবা প্রার্থীগণ কাঙ্ক্ষিত সেবা হতে বঞ্চিত হন। এতে করে পরিদর্শনের মাধ্যমে ঈপ্সিত ফলাফল পাওয়া যাছে না।

০২। সরকারের উন্নয়ন পরিকল্পনা, জনগণের আশা-আকাঙ্ক্ষা, প্রশাসনের কার্যপরিধি বহুমাত্রিক ও বিস্তৃত হওয়ায় বিভাগ, জেলা এবং উপজেলা প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নোল্লিখিত কর্মকর্তাগণের পার্শ্বে উল্লিখিত দপ্তর পরিদর্শন, দর্শন ও রাত্রিযাপনের প্রমাপ পুনঃনির্ধারণ করা হল:

(ক) বিভাগীয় কমিশনার:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা | *অনধিক ছয় জেলা বিশিষ্ট বিভাগের ক্ষেত্রে প্রতি দুই মাস অন্তর একটি রাত্রিযাপন এবং সাত বা তদুর্ধ্ব জেলা বিশিষ্ট বিভাগের ক্ষেত্রে প্রতি মাসে একটি রাত্রিযাপন প্রযোজ্য হবে। |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | ১ | ১ | |
| ২ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত | ১ | - | |
| ৩ | পৌরসভা | - | ১ | |
| ৪ | উপজেলা ভূমি অফিস | ১ | - | |
| ৫ | ইউনিয়ন ভূমি অফিস | | ১ | |
| ৬ | ইউনিয়ন পরিষদ কার্যালয় | ১ | - | |
| ৭ | জেলা পরিষদের উন্নয়ন প্রকল্প | - | ১ | |
| ৮ | মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প/উন্নয়ন প্রকল্প (একটি বাড়ি একটি খামার প্রকল্পসহ) | - | ১ | |
| ৯ | ইনোভেশন কার্যক্রম | - | ১ | |
| ১০ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | - | ১ | |
| ১১ | আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প | - | ১ | |
| ১২ | শিক্ষা প্রতিষ্ঠান | - | ১ | |
| ১৩ | *রাত্রিযাপন | | | |
| | মোট | ৪ | ৯ | |

(খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/উন্নয়ন):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা | অধিক্ষেত্রের মধ্যে সর্বাধিক সংখ্যক ভ্রমণ করতে হবে। |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি)-এর আওতাধীন একটি শাখা | ১ | - | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | ১ | ১ | |
| ৩ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত | - | ১ | |
| ৪ | ইউনিয়ন পরিষদ | ১ | - | |
| ৫ | মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প/উন্নয়ন প্রকল্প (একটি বাড়ি একটি খামার প্রকল্পসহ) | - | ১ | |
| ৬ | ইনোভেশন কার্যক্রম | - | ১ | |
| ৭ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ১ | - | |
| ৮ | শিক্ষা প্রতিষ্ঠান | - | ১ | |
| | মোট | ৪ | ৫ | |

(গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা | অধিক্ষেত্রের মধ্যে সর্বাধিক সংখ্যক ভ্রমণ করতে হবে। |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/এলএ)-এর আওতাধীন একটি শাখা | ১ | - | |
| ২ | উপজেলা ভূমি অফিস | ১ | ১ | |
| ৩ | ইউনিয়ন ভূমি অফিস | ১ | ১ | |
| ৪ | একটি বাড়ি একটি খামার/আশ্রয়ণ/আদর্শ গ্রাম প্রকল্প | ১ | - | |
| ৫ | ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত একটি ইনোভেশন কার্যক্রম | - | ১ | |
| | মোট | ৪ | ৩ | |

(ঘ) পরিচালক, স্থানীয় সরকার:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা | অধিক্ষেত্রের মধ্যে সর্বাধিক সংখ্যক ভ্রমণ করতে হবে। |
| ১ | জেলা পরিষদ | ১ | - | |
| ২ | উপপরিচালক, স্থানীয় সরকারের দপ্তর | ১ | - | |
| ৩ | উপজেলা পরিষদ | ১ | ১ | |
| ৪ | পৌরসভা | ১ | ১ | |
| ৫ | ইউনিয়ন পরিষদ | ১ | ১ | |
| ৬ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন প্রকল্প | ১ | ১ | |
| ৭ | সিটি কর্পোরেশন/পৌরসভার ইনোভেশন কার্যক্রম | - | ১ | |
| ৮ | সিটি কর্পোরেশনের উন্নয়ন কার্যক্রম (যদি থাকে) | - | ১ | |
| | মোট | ৬ | ৬ | |

(ঙ) জেলা প্রশাসক:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ উপজেলা পরিদর্শন | ১ | - |
| ২ | পৌরসভা | - | ১ |
| ৩ | থানা | ১ | - |
| ৪ | উপজেলা ভূমি অফিস | ১ | ২ |
| ৫ | ইউনিয়ন ভূমি অফিস | ২ | |
| ৬ | ইউনিয়ন পরিষদ | ১ | - |
| ৭ | কারাগার | ১ | - |
| ৮ | কালেক্টরেটের যে কোন একটি শাখা | ১ | - |
| ৯ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত | ১ | - |
| ১০ | মোবাইল কোর্ট কেস রেকর্ড পর্যালোচনা | ১ | - |
| ১১ | মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প (একটি বাড়ি একটি খামার প্রকল্পসহ) | - | ১ |
| ১২ | ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র | - | ২ |
| ১৩ | উন্নয়ন প্রকল্প/দারিদ্র বিমোচন কর্মসূচি | - | ২ |
| ১৪ | শিক্ষা প্রতিষ্ঠান | ১ | ১ |
| ১৫ | অন্যান্য অফিস/কর্মসূচি | - | ২ |
| ১৬ | জেলা রেজিস্টারের কার্যালয় (*বছরে অন্তত: একবার) | ১ | - |
| ১৭ | কমিউনিটি ক্লিনিক | - | ১ |
| ১৮ | ইনোভেশন কার্যক্রম | - | ১ |
| ১৯ | আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প | - | ১ |
| ২০ | রাত্রিযাপন | ১ | |
| | মোট | ১৩ | ১৪ |

(চ) বিভাগীয় পর্যায়ের উপপরিচালক, স্থানীয় সরকার:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | ইউনিয়ন পরিষদ | ২ | ২ |
| ২ | পৌরসভা (দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির) | ১ | ১ |
| ৩ | উপজেলা পরিষদ | ১ | ১ |
| ৪ | উন্নয়ন প্রকল্প (স্থানীয় সরকার-সংশ্লিষ্ট) | ২ | ২ |
| ৫ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | - | ২ |
| ৬ | নিজ দপ্তরের একটি শাখা (দুই মাস অন্তর) | ১ | - |
| | মোট | ৭ | ৮ |

(ছ) জেলা পর্যায়ের উপপরিচালক, স্থানীয় সরকার:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | উপজেলা পরিষদ | ১ | ২ |
| ২ | পৌরসভা (দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির) | ১ | ১ |
| ৩ | ইউনিয়ন পরিষদ | ৩ | ২ |
| ৪ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ১ | ২ |
| ৫ | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর | ১ | ২ |
| ৬ | নিজ দপ্তরের একটি শাখা (তিন মাস অন্তর) | ১ | - |
| ৭ | উন্নয়ন প্রকল্প (স্থানীয় সরকার-সংশ্লিষ্ট) | ৩ | ৩ |
| ৮ | ইনোভেশন কার্যক্রম | - | ১ |
| | মোট | ১১ | ১৩ |

(জ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | কালেক্টরেটের শাখা পরিদর্শন | ১ | - |
| ২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | - | ১ |
| ৩ | উন্নয়ন প্রকল্প (একটি বাড়ি একটি খামার প্রকল্পসহ) | ১ | ১ |
| ৪ | শিক্ষা প্রতিষ্ঠান | ২ | ১ |
| ৫ | কমিউনিটি ক্লিনিক | ১ | ১ |
| ৬ | ইনোভেশন কার্যক্রম | ১ | ১ |
| | মোট | ৬ | ৫ |

(ঝ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | নিজ আদালত (তিন মাস অন্তর) | ১ | - |
| ২ | উপজেলা ভূমি অফিস | ১ | ১ |
| ৩ | ইউনিয়ন ভূমি অফিস | ৪ | ১ |
| ৪ | কালেক্টরেটের সংশ্লিষ্ট শাখা পরিদর্শন (এলএ /এসএ/আরএম/জেসিও/রেকর্ডরুম) | ১ | ১ |
| ৫ | সাব-রেজিস্টার অফিস | ১ | - |
| ৬ | আবাসন/গুচ্ছগ্রাম/আশ্রয়ণ প্রকল্প | - | ১ |
| ৭ | ভূমি অফিসের ইনোভেশন কার্যক্রম | - | ১ |
| ৮ | খাস জমি/হাট বাজার | - | ৪ |
| | মোট | ৮ | ৯ |

(ঞ) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | নিজ আদালত (তিন মাস অন্তর) | ১ | - |
| ২ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত (দুটিকেস নথি পর্যালোচনাসহ) | ২ | ১ |
| ৩ | কালেক্টরেটের সংশ্লিষ্ট শাখা পরিদর্শন (তিন মাস অন্তর) | ১ | - |
| ৪ | সাব রেজিস্টার অফিস | ১ | - |
| ৫ | জেলার কারাগার | ১ | ১ |
| | মোট | ৬ | ২ |

(ট) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি):

| ক্রম: | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | কালেক্টরেটের সংশ্লিষ্ট শাখা পরিদর্শন (তিন মাস অন্তর ) | ১ | - |
| ২ | শিক্ষা প্রতিষ্ঠান | ৪ | ২ |
| ৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ২ | ১ |
| ৪ | উন্নয়ন প্রকল্প (শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত) | ১ | ২ |
| ৫ | ইনোভেশন কার্যক্রম | - | ২ |
| | মোট | ৮ | ৭ |

(ঠ) অতিরিক্ত জেলা প্রশাসক (এলএ):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | এলএ শাখা পরিদর্শন (তিন মাস অন্তর) | ১ | - |
| ২ | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম সরেজমিন পরিদর্শন | ২ | ২ |
| ৩ | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত মামলা পর্যালোচনা | ১ | - |
| | মোট | ৪ | ২ |

(ড) উপজেলা নির্বাহী অফিসার:

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | উপজেলা ভূমি অফিস (প্রতি দুই মাস অন্তর) | ১ | - |
| ২ | ইউনিয়ন ভূমি অফিস | ৪ | - |
| ৩ | উন্নয়ন প্রকল্প | ২ | ৪ |
| ৪ | আশ্রয়ণ/আবাসন/গুচ্ছগ্রাম প্রকল্প | ১ | - |
| ৫ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ১ | ২ |
| ৬ | কমিউনিটি ক্লিনিক | - | ১ |
| ৭ | শিক্ষা প্রতিষ্ঠান | ২ | ২ |
| ৮ | ইনোভেশন কার্যক্রম | - | ১ |
| | মোট | ১১ | ১০ |

(ঢ) সহকারী কমিশনার (ভূমি):

| ক্রম | অফিস/প্রকল্প/কার্যক্রমের নাম | প্রমাপ | |
|---|---|---|---|
| | | পরিদর্শন সংখ্যা | দর্শন সংখ্যা |
| ১ | ইউনিয়ন ভূমি অফিস | ৪ | - |
| ২ | নিজ অফিস (প্রতি দুই মাসে একবার) | ১ | - |
| ৩ | আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প | ১ | ১ |
| ৪ | খাস জমি/হাট বাজার | ১ | ১ |
| ৫ | ইনোভেশন কার্যক্রম | - | ১ |
| | মোট | ৭ | ৩ |

০৩। মনিটরিং পদ্ধতি:

(১) পরিদর্শন প্রতিবেদন সংক্ষিপ্ত, সুস্পষ্ট ও প্রাসঙ্গিক হতে হবে;

(২) যে দপ্তর/শাখা/প্রতিষ্ঠান/প্রকল্পের ওপর পরিদর্শন/দর্শন করা হবে তাদের একটি সংক্ষিপ্ত পরিচিতিমুলক বিবরণ থাকতে হবে;

(৩) পরিদর্শনকারী কর্মকর্তা সংশ্লিষ্ট দপ্তর/শাখা/প্রতিষ্ঠান পরিদর্শন/দর্শনকালে প্রকৃত ভুলভ্রান্তি ও ত্রুটি-বিচ্যুতি দৃষ্টি গোচরে আসলে উহা সংশোধনের জন্য অধস্তনকে গঠনমূলক ও সহায়ক পরামর্শ দেবেন;

(৪) মাঝে মধ্যে অধস্তন দপ্তর আকস্মিকভাবে পরিদর্শন/দর্শন করা যেতে পারে;

(৫) পরিদর্শন/দর্শনকালে উপস্থিত সেবা প্রত্যাশীগণের বক্তব্য মনোযোগ সহকারে শুনতে হবে;

(৬) পরিদর্শনকারী কর্মকর্তার সংশ্লিষ্ট দপ্তর/শাখা/প্রতিষ্ঠানের গুরুতর আর্থিক/প্রশাসনিক/আইন-বিধিবিধানের অনিয়ম দৃষ্টিগোচরে এলে সেসব ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) পরিদর্শন/দর্শন/রাত্রিযাপন সংক্রান্ত প্রতিবেদন যথাসম্ভব দ্রুততার সঙ্গে প্রস্তুত করতে হবে;

(৮) পরিদর্শন প্রতিবেদনের বক্ষমান জবাব/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(৯) পূর্ববর্তী পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা প্রতিপালিত হয়েছে কিনা পরবর্তী পরিদর্শনকারী কর্মকর্তা উহা পরীক্ষা করে দেখবেন;

(১০) অগভীর, বস্তুনিষ্ঠবিহীন, নিয়মবাঁধা আনুষ্ঠানিকতা তথা কেবল প্রমাপ-নির্ভর এবং ত্রুটি-বিচ্যুতি পরিহার ও উন্নতি সাধনের জন্য গঠনমূলক দিক্-নির্দেশনাবিহীন পরিদর্শন বাঞ্চনীয় নহে;

(১১) পরিদর্শন/দর্শনকালে শিক্ষানবীশ কর্মকর্তাগণকে সঙ্গে নেওয়া যেতে পারে এবং তাদেরকে হাতে-কলমে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা দেওয়া যেতে পারে;

(১২) পরিদর্শন/দর্শন/রাত্রিযাপন সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে প্রেরন করতে হবে; এবং

(১৩) পরিদর্শন/দর্শন/রাত্রিযাপনের ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৯৪-১৯৯ নম্বর নির্দেশের (চিত্রপ্রতিলিপি সংযুক্ত) প্রযোজ্য অংশ অনুসরণ করা যেতে পারে।

০৪। পরিদর্শন/দর্শন/রাত্রিযাপন সংক্রান্ত প্রতিবেদন মনিটরিং কর্তৃপক্ষ:

| ক্রম | পরিদর্শনকারী কর্মকর্তা | পরিদর্শন মনিটরিং কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনার | মন্ত্রিপরিষদ বিভাগ/সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ /দপ্তর |
| ২ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন) | মন্ত্রিপরিষদ বিভাগ, বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর |
| ৩ | পরিচালক, স্থানীয় সরকার | বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর |
| ৪ | জেলা প্রশাসক | মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার/সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ /দপ্তর |
| ৫ | বিভাগীয় পর্যায়ের উপ-পরিচালক, স্থানীয় সরকার | বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ /দপ্তর |

| | | |
|---|---|---|
| ৬ | জেলা পর্যায়ের উপ-পরিচালক, স্থানীয় সরকার | বিভাগীয় কমিশনার, পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ৭ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ এলএ/ শিক্ষা ও আইসিটি) | বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক |
| ৮ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক |
| ৯ | উপজেলা নির্বাহী অফিসার | বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক |
| ১০ | সহকারী কমিশনার (ভূমি) | জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও উপজেলা নির্বাহী অফিসার |

০৫। উপরে বর্ণিত প্রমাপের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের কর্মসম্পাদন মূল্যায়ন করা হবে।

০৬। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের কর্মসম্পাদন মূল্যায়ন সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগের যথাক্রমে ০৯ জুন ২০১১ তারিখের ০৪.৫১৩.০১৬.০০.০০.০১০.২০১০-৪৬১ এবং ০৮ জুন ২০১১ তারিখের ০৪.৫১৩.০১৬.০০.০০.০১০. ২০১০-৪৫৭ নম্বর স্মারকদ্বয় এইসঙ্গে বাতিল করা হল।

০৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তঃ পাঁচ পৃষ্ঠা।

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫৭৩৮৩৩
email: addl_dfa@cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার... (সকল)।
২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন)... (সকল)।
৩। পরিচালক, স্থানীয় সরকার ...(সকল)।
৪। জেলা প্রশাসক... (সকল)।
৫। বিভাগীয় পর্যায়ের উপ-পরিচালক, স্থানীয় সরকার... (সকল)।
৬। জেলা পর্যায়ের উপ-পরিচালক, স্থানীয় সরকার ...(সকল)।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ এলএ/ শিক্ষা ও আইসিটি)... (সকল)।
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ...(সকল)।
৯। উপজেলা নির্বাহী অফিসার ...(সকল)।
১০। সহকারী কমিশনার (ভূমি) ...(সকল)।

অনুলিপি:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/ সচিব..................মন্ত্রণালয়/বিভাগ।